# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## Worksheet - 11

**Subject: Bengali** **শ্রেণী সপ্তম** **Date: 06-Mar-21**

### পাঠ - ব্যাকরণ (ণত্ব বিধান)

### প্রশ্ন পত্র

**বহু বিকল্প ভিত্তিক প্রশ্নাবলী:** (১×১৫=১৫)

| Sl No. | Question | Option1 | Option2 | Option3 | Option4 |
|---|---|---|---|---|---|
| ১/ | সংস্কৃত ভাষায় দন্তন্য এর মূর্ধন্য তে পরিবর্তনের নিয়ম কে বলে– | ণত্ব বিধি | ষত্ব বিধি | বানান পরিবর্তন | নিয়ম পরিবর্তন |
| ২/ | সংস্কৃত ভাষার ণত্ব বিধানের নিয়ম মেনে চলা হয় | সংস্কৃত ভাষা থেকে যেসব শব্দ বাংলা ভাষায় অবিকৃতভাবে নেওয়া হয়েছে সেই ক্ষেত্রে। | সংস্কৃত ভাষা থেকে বাংলায় যেসব শব্দ কিছুটা পরিবর্তিত হয়ে এসেছে সেই ক্ষেত্রে | যেকোনো বানানের ক্ষেত্রে। | উপরের কোনোটিই নয় |
| ৩/ | শব্দে মূর্ধন্য (ণ) কখন বসে? | ঋ,র এর পরে | ঋ র এর আগে | ঋ র এর সাথে | ঋ র না থাকলে |
| ৪/ | ণত্ব বিধানের সূত্র অনুযায়ী এখানে কোন বানান টি ভুল তা লেখ। | পাষাণ | কর্ণ | ঘৃনা | লক্ষণ |
| ৫/ | ণত্ব বিধানের সূত্র অনুযায়ী নিচের বানান গুলোর মধ্যে কোন বানানটি ঠিক তা লেখ। | লুণ্ঠন | বিশান | কন্টক | ভীষন |
| ৬/ | ____বর্গের আগে অবস্থিত দন্তন্য অবশ্যই মূর্ধন্য হয়। | ক বর্গ | চ বর্গ | ট বর্গ | প বর্গ |
| ৭/ | _____পদ হলে সেখানে "র" এর পরে দন্তন্য হবে। | বিশেষ্য পদ | বিশেষণ পদ | অব্যয় পদ | ক্রিয়াপদ |
| ৮/ | নিম্নলিখিত উপসর্গ গুলির মধ্যে কোন উপসর্গ থাকলে মূর্ধন্য (ণ) হয়? | প্র | অনু | উপ | বি |
| ৯/ | পূর্বাহ্ন শব্দটিতে অহ শব্দের আগে কোন উপসর্গ রয়েছে? | প্র | পরা | পূর্ব | অপর |
| ১০/ | নিচের বিবৃতি গুলোর মধ্যে কোনটি ভুল তা লেখো। | খাঁটি বাংলা শব্দের ক্ষেত্রে দন্তন্য ব্যবহার করা যায়। | 'ইরান, ট্রেন' – বানান দুটি ভুল। | 'রানী ,হারানো' –বানান দুটোই সঠিক। | স্বাভাবিক ণত্বের ক্ষেত্রে 'অনু ,কনা '- বানান দুটি ভুল। |
| ১১/ | সংস্কৃত ণত্ব বিধান কেবল _____শব্দের ক্ষেত্রে প্রযোজ্য। | তৎসম শব্দ | অর্ধ তৎসম শব্দ | তদ্ভব শব্দ | বেশি শব্দ |
| ১২/ | "ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ "গ্রন্থটি লিখেছেন– | সুনীতিকুমার চট্টোপাধ্যায় | সুকুমার সেন | রবীন্দ্রনাথ ঠাকুর | মাইকেল মধুসূদন দত্ত |
| ১৩/ | বাংলা বানান সর্বস্থলে একই রকম রাখার রীতি নীতি তৈরি করেছে– | সুনীতিকুমার চট্টোপাধ্যায় | বাংলা বানান বিধি | পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি | সাধারণ মানুষ |
| ১৪/ | 'পরায়ণ' ও 'উত্তরায়ন' শব্দ দুটির মধ্যে– | প্রথম ও দ্বিতীয় দুটো বানান ঠিক | প্রথম বানানটি ভুল দ্বিতীয় বানানটি ঠিক | প্রথম বানানটা ঠিক দ্বিতীয় বানানটি ভুল | দুটি বানানই ভুল। |
| ১৫/ | প্যান্ট ও লন্ডভন্ড বানান দুটির ক্ষেত্রে– | প্রথম ও দ্বিতীয় দুটো বানান ঠিক। | প্রথম বানানটি ভুল দ্বিতীয় বানানটি ঠিক। | প্রথম বানানটা ঠিক দ্বিতীয় বানানটি ভুল। | দুটি বানানই ভুল। |

**Teacher's Name: Antara Ghosh**